22 September 2023

## International & National News

| | |
|---|---|
| বই: **Fiction and Beyond**<br><br>সংবাদ শিরোনামে থাকা ব্যক্তিত্ব : সাহিত্য আকাডেমি পুরস্কার বিজয়ী অশোক মিত্রন<br><br> | সম্প্রতি খবরে কেন ছিলেন?<br>সম্প্রতি অশোক মিত্রনের 92 তম জন্মবার্ষিকী উপলক্ষে **'Fiction and beyond'** নামক বইটি লঞ্চ করা হয়েছে।<br><br>• Fiction and Beyond, বিশিষ্ট তামিল লেখক এবং সাহিত্য একাডেমি বিজয়ী অশোক মিত্রনের ফিকশন এবং নন-ফিকশন গ্রন্থের একটি সংকলন যা সম্প্রতি লঞ্চ করা হয়েছে।<br><br>অশোক মিত্রন সম্পর্কিত তথ্য -<br>• অশোক মিত্রন হল জগদীসা থ্যাগরাজনের ছদ্মনাম।<br>• তিনি ভারতীয় একজন লেখক যিনি স্বাধীনতা পরবর্তী তামিল সাহিত্যের অন্যতম প্রভাবশালী একজন ব্যক্তিত্ব হিসেবে বিবেচিত হন।<br>• তিনি অন্যান্য গদ্য রচনার পাশাপাশি 200 টিরও বেশি ছোটগল্প, নয়টি বড় উপন্যাস এবং প্রায় 15টি ছোট উপন্যাস সমগ্র রচনা করেছেন।<br><br>তুমি কি জান?<br>• অশোক মিত্রন হলেন একজন সাহিত্য একাডেমী পুরস্কার বিজয়ী যা সাহিত্য ক্ষেত্রে সবথেকে মর্যাদাপূর্ণ একটি পুরস্কার। |
| জাতীয় জনসংখ্যা নিবন্ধন **(NPR)** এবং আদমশুমারি | জাতীয় জনসংখ্যা নিবন্ধন **(NPR)**<br>• জাতীয় জনসংখ্যা নিবন্ধন (NPR) হল দেশের সাধারণ নাগরিকদের একটি রেজিস্টার।<br>• এতে ভারতীয় নাগরিকদের পাশাপাশি বিদেশী নাগরিক উভয়ই অন্তর্ভুক্ত রয়েছে।<br>• নাগরিকত্বকে (Registration of Citizens and issue of National Identity Cards) Rules, 2003' অনুসারে শ্রেণীবিভক্ত করা হয়।<br>• একজন সাধারণ নাগরিক হলেন এমন একজন ব্যক্তি যিনি বিগত 6 মাস বা তার বেশি সময় ধরে ভারতীয় ভূখণ্ডে বসবাস করছেন বা এমন একজন ব্যক্তি যিনি পরবর্তী 6 মাস বা তার বেশি সময় ধরে ভারতে বসবাস করতে আগ্রহী।<br><br>আদমশুমারি<br>• জনসংখ্যা আদমশুমারি বিভিন্ন উপাদানের উপর ভিত্তি করে রাষ্ট্রের মৌলিক পরিসংখ্যান প্রদান করে থাকে।<br>• এটি মানবসম্পদ, জনসংখ্যা, সংস্কৃতি এবং সকল স্তরের অর্থনৈতিক কাঠামোর তথ্যে সমৃদ্ধ।<br>• আদমশুমারি পরিচালনার দায়িত্ব ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং সেন্সাস কমিশনারের।<br>• এটি স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্ত।<br><br>তুমি কি জান? |

| | |
|---|---|
| | • 1881 সালে ব্রিটিশ শাসনের অধীনে প্রথম সিঙ্ক্রোনাস আদমশুমারি করা হয়, ডব্লিউ.সি. প্লোডেন ছিলেন ভারতের প্রথম সেন্সাস কমিশনার। |
| জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধনী) বিল, **2023** | সম্প্রতি খবরে কেন ছিল**?**<br>সম্প্রতি রাজ্যসভার পাশাপাশি লোকসভায়ও সরকার এই বিল পাশ করেছে।<br><br>বিলটির মূল বৈশিষ্ট্য<br>• সংশোধনী বিলটি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন,1969 কে সংশোধন করবে যেখানে জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং সেই বিষয়ে রেগুলেশন স্থির করবে।<br>• এই বিলে বলা হয়েছে রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যুর একটি নিবন্ধনের জাতীয় ডাটাবেস বজায় রাখবেন।<br>• বিলটিতে জন্ম বা মৃত্যুর শংসাপত্র ইলেক্ট্রনিক বা অন্য মাধ্যমে পাওয়ার জন্য এর বিধানগুলিকে সংশোধন করা হয়েছে।<br>• বিলে যুক্ত করা হয়েছে যে জন্মের ক্ষেত্রে, নির্দিষ্ট ব্যক্তি পিতামাতা এবং তথ্যদাতার আধার নম্বর প্রদান করবেন।<br>• জেলা রেজিস্ট্রার এক্ষেত্রে আপিলকারী।<br>• ডিজিটাল জন্ম শংসাপত্রের ক্ষেত্রে এটি একটি উল্লেখযোগ্য পরিবর্তনের দিকে এগিয়ে নিয়ে যাবে বলে মনে করা হচ্ছে।<br><br>তুমি কি জান**?**<br>জন্ম ও মৃত্যুর নিবন্ধন সমবর্তী তালিকার আওতায় পড়ে, যা সংসদ ও রাজ্য আইনসভা উভয়কেই এই বিষয়ে সকল আইন প্রণয়নের ক্ষমতা প্রদান করে।<br>. |
| **International North–South Transport Corridor (INSTC)**<br><br>তুমি কি জান**?**<br>INSTC প্রোজেক্টটি রাশিয়া, ভারত এবং ইরান দ্বারা 2000 সালের সেপ্টেম্বর মাসে সূচিত হয়। এরাই হল এই প্রজেক্টের প্রতিষ্ঠাতা সদস্য। | **INSTC** সম্পর্কিত তথ্য:<br>• The International North–South Transport Corridor (INSTC) হল ভারত, রাশিয়া, ইরান, ইউরোপ এবং মধ্য এশিয়ার মধ্যে একটি মাল্টিমোডাল পণ্যবাহী পরিবহন করিডোর।<br>• করিডোরটি প্রায় 7200 কিলোমিটার পর্যন্ত বিস্তৃত।<br>• INSTC র প্রাথমিক লক্ষ্য হল সংযোগ বৃদ্ধি করা এবং এই অঞ্চলগুলির মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতার প্রসার ঘটানো।<br>• INSTC দক্ষিণ এশিয়া এবং উত্তর ইউরোপের মধ্যে একটি বিকল্প এবং ছোট বাণিজ্য পথ প্রদানের উদ্দেশ্যে ডিজাইন করা হয়েছে।<br>• এটি ভারত মহাসাগর এবং পারস্য উপসাগরকে কাস্পিয়ান সাগরের সাথে সংযুক্ত করে এবং এটি আরও উত্তর ও পশ্চিম ইউরোপ পর্যন্ত বিস্তৃত।<br>• রুটটি মুম্বাই থেকে শুরু হয় এবং ইরানের বান্দর আব্বাস পর্যন্ত যায় এবং ক্যাস্পিয়ান সাগর হয়ে পিটার্সবার্গে পৌঁছায়। |




| | |
|---|---|
| **Alternative Dispute Resolution(ADR)** | **ADR** সম্পর্কিত তথ্য<br>আদালতে না গিয়েও পার্টি গুলির মধ্যে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়াকে Alternative Dispute Resolution(ADR) বলা হয়।<br><br>**Alternative Dispute Resolution** মোডগুলি হল<br><br>আরবিট্রেশন<br>● আরবিট্রেশন এমন একটি প্রক্রিয়া যেখানে পার্টির বিবাদে একটি সালিসী ট্রাইব্যুনালে উপস্থাপন করা হয়,<br>● রায়গুলি পার্টির জন্য মানা বাধ্যতামূলক।<br>মিডিয়েশন<br>● মিডিয়েশনে, বিরোধিতায় লিপ্ত উভয় পক্ষকে নিরপেক্ষ একটি তৃতীয় পক্ষ একটি সম্মত সমাধানে পৌঁছানোর ক্ষেত্রে সাহায্য করে থাকে।<br>● এটি একটি স্বেচ্ছামূলক অনানুষ্ঠানিক পদ্ধতি, যাতে আদালতের বাইরেই নিষ্পত্তি হয়,<br>● ফলাফল সবক্ষেত্রে আইনত বাধ্যতামূলক নয়।<br>কনসিলেশন<br>● কনসিলেশন হল বিরোধ নিষ্পত্তির একটি উপায় যেখানে পার্টিগুলি একটি চুক্তিতে পৌঁছানোর জন্য একটি কনসিলেটরের সাহায্য নিয়ে থাকে।<br>● কনসিলেটরের কাজ হল পার্টিগুলির মতভেদকে সরিয়ে রেখে এবং শর্তাবলীর মাধ্যমে একটি পারস্পরিক সম্মত মীমাংসা করতে সম্মত করা। |

To get free Live Classes, Materials Scan this QR Code & Download our Adda247 App

| | |
|---|---|
| | তুমি কি জান**?**<br>আরবিট্রেশন এবং কনসিলেশন আইনটি সর্বশেষ 2021 সালে সংশোধিত হয়েছিল। |
| **Black Sea Grain Initiative** | প্রসঙ্গ:<br>সম্প্রতি UNGA র 78 তম অধিবেশন চলাকালীন, QUAD দেশগুলি Black Sea Grain Initiative পুনরায় চালু করার জন্য জাতিসংঘের প্রচেষ্টাকে সমর্থন জানিয়েছে।<br><br>**Black Sea Grain Initiative**<br>● এটি রাশিয়া, ইউক্রেন, তুরস্ক এবং জাতিসংঘের মধ্যে একটি চুক্তি।<br>● Black Sea Grain Initiative সাপ্লাই চেইনের ব্যাঘাত থেকে উদ্ভূত ক্রমবর্ধমান খাদ্য মূল্যকে মোকাবিলা করার ক্ষেত্রে প্রচেষ্টা করে থাকে।<br>● চুক্তিটি ইউক্রেন এবং রাশিয়া থেকে রপ্তানিকে সুরক্ষিত করার জন্য করা হয়।<br>● এর মূখ্য ধারণা ছিল শস্যের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করে বাজারকে স্থিতিশীল করা, যার ফলে খাদ্য মূল্যস্ফীতিকে নিয়ন্ত্রিত করা সম্ভব হবে।<br>● জাতিসংঘ (UN) এবং তুরস্কের মধ্যস্থতায় Black Sea Grain Initiative চুক্তিটি 2022 সালের জুলাই মাসে ইস্তাম্বুলে স্বাক্ষরিত হয়েছিল।<br><br>তুমি কি জান**?**<br>ইউক্রেন বিশ্বের অন্যতম প্রধান শস্য উৎপাদনকারী, বিশেষত গম। |
| **ASEAN "পাঁচ দফা ঐকমত্য"**<br> | ঐকমত্য সম্পর্কিত তথ্য:<br>● এটি মায়ানমারের বিষয়ে ASEAN এর একটি নীতি।<br>● এটির অন্তর্ভুক্ত:-<br>1. অবিলম্বে দেশে সহিংসতার অবসান;<br>2. সর্বদলীয় সংলাপ;<br>3. বিশেষ দূত নিয়োগ;<br>4. ASEAN কর্তৃক মানবিক সহায়তা প্রদান; এবং<br>5. বিশেষ দূতের মায়ানমার সফরে সব পক্ষের সঙ্গে বৈঠক।<br><br>তুমি কি জান**?**<br>মায়ানমার BIMSTEC একটি অংশ কিন্তু SAARC এর নয়। |
| **ASI** স্মৃতিস্তম্ভের জন্যে নিয়মাবলী | প্রসঙ্গ<br>পরিবহন পর্যটন ও সংস্কৃতি বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি সরকারকে তাদের নিমাবলীগুলি বাস্তবসম্মত করার জন্যে আইন সংশোধন করতে বলেছে।<br><br>মূল তথ্য: |

| | |
|---|---|
|  | • বিদ্যমান নিয়ম - 100 মিটার এলাকাকে নিষিদ্ধ ঘোষণা করা এবং 300 মিটারকে নিয়ন্ত্রিত ঘোষণা করা।<br>• বিধানগুলি সকল উল্লেখযোগ্য এবং অ-গুরুত্বপূর্ণ স্মৃতিস্তম্ভের ক্ষেত্রে প্রযোজ্য।<br>• এই নিয়ম চিহ্নিত এলাকার আশেপাশে বসবাসকারী স্থানীয়দের নির্মাণকার্য ও সংস্কার প্রক্রিয়ায় বাধা প্রদান করছে।<br><br>তুমি কি জান**?**<br>The prohibited and restricted area provision 2010 সালে Ancient Monuments and Archaeological Sites and Remains (AMASR) Act, 1958 এর একটি সংশোধনীর মাধ্যমে সূচিত হয়। |

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without prior permission of Adda247.*